

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
পার-২ অধিশাখা
www.hsd.gov.bd

নং ৪৫.০০.০০০০.১৪৮.১১.০০১.২০২৪-২০৮


তারিখঃ ১৫.০৪.২০২৪খ্রিঃ

বিজ্ঞপ্তি

৪১তম বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে নবনিয়োগপ্রাপ্ত চিকিৎসক কর্মকর্তাগণের জন্য আগামী ২৮ এপ্রিল, ২০২৪ রবিবার ক্লে' ০৮:৩০ ঘটিকা হতে ১০:০০ ঘটিকা পর্যন্ত বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব কমডেনশন হল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকায় যোগদানপত্র গ্রহণ এবং ১০:৩০ ঘটিকায় ওরিয়েন্টেশনের আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ডা: সামন্ত লাল সেন, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ডা: রোকেয়া সুলতানা, মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ।

২। ৪১তম বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে নবনিয়োগপ্রাপ্ত চিকিৎসক কর্মকর্তাগণ চাকুরীতে যোগদানের সময় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত নির্ধারিত ফরমেট পূরণপূর্বক জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করে দুই সেট যোগদানপত্র দাখিল করবেন।

৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২১ মার্চ, ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.১১.০১৩.২৩-৮৭২২ প্রজ্ঞাপনের অনুলিপি (ব) ও (ঢ) এ বর্ণিত বিধানাবলী মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্রাদি পদায়নকৃত কর্মস্থল সংশ্লিষ্ট সিভিল সার্জন বরাবর দাখিল করতে হবে।


(মোঃ মঞ্জুরুল হাফিজ বিন্দিত্তে)
যুগ্মসচিব
ফোনঃ ০২-৫৫১০০৩৪৮
pcr2@hsd.gov.bd

অনুলিপি সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থেঃ

- ১। মাননীয় উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাকে মন্ত্রণালয় ও স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইটের ব্লোগপেজে বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ)
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তাকে স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটের বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ)
- ৮। যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৯। যুগ্মসচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।
- ১০। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বর্ণিত প্রজ্ঞাপনে উল্লিখিত চিকিৎসক কর্মকর্তাগণ।

সচিব

স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ সহকারী সার্জন/সহকারী ডেন্টাল সার্জন পদে যোগদান

মহোদয়,

আমি নিম্নস্বাক্ষরকারী জনপ্রশাসন মন্ত্রণালয়ের নবনিয়োগ অধিশাখার ২১ মার্চ, ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.১১.০১৩.২৩-৮৭নং প্রজ্ঞাপন অনুযায়ী বিসিএস স্বাস্থ্য ক্যাডারের সহকারী সার্জন/সহকারী ডেন্টাল সার্জন পদে অদ্য ২৮ এপ্রিল ২০২৪ তারিখ পূর্বাঙ্কে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগে যোগদান করলাম।

এমতাবস্থায়, আমার যোগদানপত্রটি গ্রহণ করার জন্য মহোদয় বরাবর বিনীত আবেদন জানাচ্ছি।

নাম:

রেজি: নং-

মেধাক্রম-

নিজ উপজেলা-

নিজ জেলা-